

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ১৪, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ৩০ শ্রাবণ ১৪৩১/ ১৪ আগস্ট ২০২৪

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.২৪.২৪৪—বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন এবং পরবর্তী পর্যায়ে এতে সর্বস্তরের জনতার সমর্থন ও অংশগ্রহণে সাম্প্রতিক ছাত্র-জনতার গণঅভ্যুত্থান সফল হয়। উক্ত গণঅভ্যুত্থানে অসংখ্য ছাত্র ও জনতা শহিদ হয়েছেন। বাংলাদেশের ইতিহাসে অভূতপূর্ব এ ঘটনায় ছাত্র-জনতার অবদান ও আত্মত্যাগের বীরগাঁথা বাংলাদেশের ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে।

২। ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে হতাহতের ঘটনায় দেশবাসীর সঙ্গে অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা পরিষদের সদস্যবৃন্দ গভীরভাবে শোকাহত। উপদেষ্টা পরিষদ এ ঘটনায় গভীর শোক ও দুঃখ প্রকাশ করে সকল শহিদের আত্মার মাগফেরাত কামনা করছে। পরম করুণাময় সৃষ্টিকর্তা যেন সকল শহিদের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের শোক বহন করার ক্ষমতা প্রদান করেন এবং আহত ব্যক্তিগণ যাতে দ্রুত আরোগ্য লাভ করেন, উপদেষ্টা পরিষদ সে প্রার্থনা করে ২৯ শ্রাবণ ১৪৩১/ ১৩ আগস্ট ২০২৪ তারিখের উপদেষ্টা পরিষদের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। উপদেষ্টা পরিষদের বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব হোসেন  
মন্ত্রিপরিষদ সচিব

( ২৩১০৯ )  
মূল্য : টাকা ৪.০০

**উপদেষ্টা পরিষদের শোকপ্রস্তাব**

২৯ শ্রাবণ ১৪৩১  
ঢাকা: ১৩ আগস্ট ২০২৪

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন এবং পরবর্তী পর্যায়ে এতে সর্বস্তরের জনতার সমর্থন ও অংশগ্রহণে সাম্প্রতিক ছাত্র-জনতার গণঅভ্যুত্থান সফল হয়। উক্ত গণঅভ্যুত্থানে অসংখ্য ছাত্র ও জনতা শহিদ হয়েছেন। বাংলাদেশের ইতিহাসে অভূতপূর্ব এ ঘটনায় ছাত্র-জনতার অবদান ও আত্মত্যাগের বীরগীথা বাংলাদেশের ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে।

ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে হতাহতের ঘটনায় দেশবাসীর সঙ্গে অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা পরিষদের সদস্যবৃন্দ গভীরভাবে শোকাহত। উপদেষ্টা পরিষদ এ ঘটনায় গভীর শোক ও দুঃখ প্রকাশ করে সকল শহিদের আত্মার মাগফেরাত কামনা করছে। পরম করুণাময় সৃষ্টিকর্তা যেন সকল শহিদের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের শোক বহন করার ক্ষমতা প্রদান করেন এবং আহত ব্যক্তিগণ যাতে দ্রুত আরোগ্য লাভ করেন, উপদেষ্টা পরিষদ সে প্রার্থনা করছে।